দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 28 AUG 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ১

# শতভাগ স্কলারশিপ নিয়ে চীনে যাচ্ছে নর্দার্ন ভার্সিটির এক শ' শিক্ষার্থী

নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশের এক শ' শিক্ষার্থী চায়না সরকারের শতভাগ স্কলারশিপ নিয়ে চীনের নেনটং কলেজ অব সায়েন্স এ্যান্ড টেকনোলজিতে যাচ্ছে। এ উপলক্ষে শিক্ষার্থীদের শুভেচ্ছা ও বিদায় জানাতে নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ভার্সিটির উপাচার্য প্রফেসর ড. আনোয়ার হোসেনের সভাপতিত্বে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ ট্রাস্টের চেয়ারম্যান ও নর্দার্ন ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি খুলনার উপাচার্য প্রফেসর ড. আবু ইউসুফ মোঃ আব্দুল্লাহ। অনুষ্ঠানে গেস্ট অব অনার ছিলেন বাংলাদেশে নিযুক্ত চায়না এ্যাম্বাসির কালচারাল এটাশে জা মিংগুই। এ সময় উপস্থিত ছিলেন নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ-এর উপ-উপাচার্য প্রফেসর ড. আনোয়ারুল করিম, ট্রেজারার মোঃ আনোয়ার হোসাইন, পরিচালক, উন্নয়ন ও আন্তর্জাতিক বিষয় লেঃ কর্নেল (অব) একতেদার আহমেদ সিদ্দিকী ও রেজিস্ট্রার মোঃ রাশিদুল ইসলাম। বিভিন্ন অনুষদের ডিন ও বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রছাত্রীরা এ সময় উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি

কপি নং.............................
তারিখ.............................
উপ. পরিসংখ্যান বিভাগ
ড. এল.পি বিভাগ
এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর